



ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



Study Material – 2

Subject: Bengali

শ্রেণী পঞ্চম

Date: 05-May-20

পাঠ - বৃদ্ধা ও চিকিৎসক - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

লেখক পরিচিতি:

সভ্য অসভ্য গল্পটি লিখেছেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ১৮২০ খ্রিস্টাব্দের ২৬ সেপ্টেম্বর পশ্চিম মেদিনীপুরের বীরসিংহ গ্রামে এক দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন। পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়। মাতার নাম ভগবতী দেবী। চরম দারিদ্র্যের মধ্য দিয়ে তার পথচলা শুরু হয়, কিন্তু সেই দারিদ্র কখনোই তার অধ্যয়ন ও কঠোর পরিশ্রমকে রুদ্ধ করতে পারেনি। সামাজিক কুসংস্কার ও প্রথার বিরুদ্ধে তিনি গর্জে উঠেছেন বারবার। শুধু তাই নয় দানের কৃতিত্বে তিনি হয়ে উঠেছেন দয়ার সাগর। প্রগতিশীল চিন্তাধারায় উদ্বুদ্ধ হয়ে তিনি শিক্ষার সংস্কার ও প্রসারের জন্য নানাবিধ চেষ্টা করেছেন। নারী শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে তার অবদান অনস্বীকার্য। বাংলা গদ্য সাহিত্যের জনক বলা হয়। তার উল্লেখযোগ্য গ্রন্থ গুলি হল বর্ণপরিচয়, বোধোদয়, কথামালা, শকুন্তলা, সীতার বনবাস প্রভৃতি। এই মহান ব্যক্তিত্ব ১৮৯১ খ্রিস্টাব্দের ২৯ শে জুলাই পরলোক গমন করেন।

বিষয়বস্তু:

এক অসৎ চিকিৎসকের কথা কাহিনী টিতে বর্ণিত হয়েছে। চিকিৎসকের সঙ্গে এক বৃদ্ধার চুক্তি হয়েছিল যে চোখ সরিয়ে দিতে পারলে তিনি পুরস্কৃত হবেন। লোভী চিকিৎসক বৃদ্ধার চোখ সারিয়ে দেওয়ার আগেই বৃদ্ধার গৃহের মূল্যবান জিনিসপত্র সরিয়ে নিয়ে গেলেন। পরে বৃদ্ধার চোখ সেরে গেলেও তিনি বাড়ির জিনিসপত্র গুলো দেখতে না পাওয়ায় চিকিৎসককে পুরস্কার দিলেন না। চিকিৎসকের কাছে গিয়ে বৃদ্ধার নামে অভিযোগ জানাল। বৃদ্ধা বিচারককে জানালেন যে চোখ খারাপ অবস্থায় যে জিনিসগুলো তিনি দেখতে পেতেন না চিকিৎসকের কথা অনুযায়ী চোখ ভাল হওয়ার পরেও সেই জিনিসগুলো দেখতে পাচ্ছেন না। সুতরাং চোখ ভাল হয়ে গেছে একথা তিনি বিশ্বাস করেন না। বিচারক বৃদ্ধার কথা বুঝতে পেরে চিকিৎসককে তিরস্কার করলেন।

শব্দার্থ:

আচরণ: ব্যবহার
প্রসিদ্ধ: বিখ্যাত
দ্রব্য: জিনিস
নিস্তেজ: দুর্বল
প্রতিশ্রুতি: অঙ্গীকার
পরিপূর্ণ: ভর্তি
পুরস্কার: পারিতোষিক
পূর্ববৎ: আগের মত
হাস্যমুখে: হাসিমুখে
শীঘ্র: তাড়াতাড়ি
অতিশয়: খুব
অনুসন্ধান: খোঁজ

সংক্ষিপ্ত উত্তর ধর্মী প্রশ্নাবলী:

১/বৃদ্ধা কিছু দেখতে পেতেন না কেন?

উ: বৃদ্ধার চোখ খারাপ হয়ে যাওয়ায় বৃদ্ধা কিছুই দেখতে পেতেন না

২/বৃদ্ধা ও চিকিৎসক গল্পটি কার লেখা?

উ: বৃদ্ধা ও চিকিৎসক গল্পটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের লেখা।

৩/বৃদ্ধা তার রোগ সারাবার জন্য কার কাছে গিয়েছিলেন?

উ: বৃদ্ধা তার রোগ সারাবার জন্য এক চিকিৎসকের কাছে গিয়েছিলেন।

৪/চিকিৎসকের লোভ জন্মেছিল কেন?

উ: বৃদ্ধার ঘরের নানারকম মূল্যবান জিনিস দেখে চিকিৎসকের লোভ জন্মেছিল।

৫/চিকিৎসক কিছুদিন গোলমাল করলেন কেন?

উ: চিকিৎসক কিছুদিন গোলমাল করলেন কারণ সেই সময় তিনি বৃদ্ধার বাড়ি থেকে তার মূল্যবান জিনিস গুলো নিয়ে যেতে চেয়েছিলেন।

৬/বৃদ্ধার চোখ ভাল হওয়ার পর তিনি কি দেখেছিলেন?

উ: চিকিৎসকের কথা অনুযায়ী বৃদ্ধার চোখ ভাল হওয়ার পরেও তিনি পূর্বের মতোই তার ঘরের মূল্যবান জিনিস গুলো দেখতে পাচ্ছিলেন না।

৭/বৃদ্ধা অনুসন্ধান করে কি জানতে পারলেন?

উ: বৃদ্ধা অনুসন্ধান করে জানতে পারলেন যে ওই চিকিৎসক বৃদ্ধার অসুস্থতার সুযোগে একে একে সব মূল্যবান দ্রব্য গুলো নিয়ে গেছেন।

৮/বৃদ্ধা পুরস্কৃত না করায় চিকিৎসক কি করেছিলেন?

উ: প্রতিশ্রুতি অনুযায়ী বৃদ্ধা বলেছিলেন যে চোখ ঠিক হয়ে গেলে চিকিৎসক কে পুরস্কৃত করবেন কিন্তু পুরস্কার না পাওয়ায় চিকিৎসক বিচারালয়ে গিয়ে বৃদ্ধার নামে নালিশ করে।

৯/বিচারক চিকিৎসককে কি করেছিলেন?

উ: বিচারক বৃদ্ধার কথার যৌক্তিকতা বিচার করে চিকিৎসককে কটু কথা বলে তাড়িয়ে দেন।

Teacher's Name: Antara Ghosh